

# এইচএসসি পরীক্ষায় আইসিটিতে নম্বর কমল

অনলাইন ডেক্স



এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষা পুনর্বিন্যস্ত সিলেবাসে সব বিষয়ে পূর্ণ

নম্বরে হলেও তথ্য-প্রযুক্তি (আইসিটি) পরীক্ষা ১০০ নম্বরের পরিবর্তে ৭৫ নম্বরে

হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

আজ মঙ্গলবার (৮ আগস্ট) দুপুরে আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে জাতীয়

মনিটরিং ও আইন-শৃঙ্খলা কমিটির সভা শেষে তিনি সাংবাদিকদের এ কথা

জানান।

শিক্ষামন্ত্রী বলেন, ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার্থীরা পুনর্বিন্যাসকৃত সিলেবাস

অনুযায়ী তিনিটি বিষয় বাদে সব বিষয়ে পূর্ণ নম্বর ও সময়ে অংশগ্রহণ করবে।

একটি বিষয়ে পূর্ণ নম্বরে পরীক্ষা হবে না।

সেটি হলো—আইসিটি। আইসিটিতে ২৫ নম্বর থাকবে ব্যাবহারিকে, লিখিত পরীক্ষা

৭৫ নম্বরের পরিবর্তে ৫০ নম্বরে পরীক্ষা হবে। সেই ৫০ নম্বরের মধ্যে ২০ নম্বর

হবে এমসিকিউ। অর্থাৎ ২৫টি প্রশ্নের মধ্যে তারা ২০টির উত্তর দেবে।

তিনি বলেন, এমসিকিউ অর্থাৎ বড় প্রশ্নের ক্ষেত্রে আটটি প্রশ্ন থাকে, তার মধ্যে পাঁচটির উত্তর দিতে হয়। এবার আটটি প্রশ্নের জায়গায় তাদের তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে। কাজেই তাদের অপশন অনেক বেড়ে গেল। অনেক সহজ হবে তাদের জন্য।

এইচএসসি পরীক্ষা পেছানোর দাবি নাকচ করে দিয়ে শিক্ষামন্ত্রী বলেন, নির্ধারিত ১৭ আগস্টেই এইচএসসি পরীক্ষা শুরু হবে। কারণ অনেক আগেই এইচএসসি ও সমমানের পরীক্ষার সময়সূচি ঘোষণা করা হয়েছে। তাই ঘোষিত তারিখ থেকেই পরীক্ষা শুরু হবে।

তিনি বলেন, ‘পরীক্ষা পেছানোর কোনো সুযোগ নেই। কিছু শিক্ষার্থী এটি পেছানোর দাবি করেছে।

তাদের দাবিগুলো যৌক্তিক নয়। এখনো সময় আছে। তারা এখনো পড়শোনা করলে ভালো করবে। আমি আশা করব, তারা বিক্ষেপ না করে পরীক্ষা দেবে।’

সভায় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. কামাল হোসেন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোলেমান খান উপস্থিত ছিলেন।

